

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থমন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

নং-০৯.৩১৩.০০৭.০০.০০.০১২.২০১৫-২৪৩


তারিখ: ২৪/০৯/২০১৬ ইং।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য কম্পিউটারের প্রিন্টার ক্রয়/সরবরাহের নিমিত্ত
কোটেশন দরপত্র বিজ্ঞপ্তি

০১.	মন্ত্রণালয়/বিভাগ	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	
০২.	অর্থের উৎস	রাজস্ব খাত	
০৩.	কোটেশন আহ্বানকারী দপ্তরের নাম	প্রশাসন-৩ অধিশাখা	
০৪.	কোটেশন নং	০৯.৩১৩.০০৭.০০.০০.০১২.২০১৫-২৪৩	
০৫.	দরপত্র প্রকাশের তারিখ	২৪/০৯/২০১৬ ইং	
০৬.	যে কাজের দরপত্র	কম্পিউটারের প্রিন্টার ক্রয়/সংগ্রহ	
০৭.	দরপত্র পদ্ধতি	কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতি	
০৮.	কোটেশন সংগ্রহের শেষ তারিখ	২৯/০৯/২০১৬, বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত	
০৯.	কোটেশন গ্রহণের শেষ তারিখ	০২/১০/২০১৬, বিকাল-০২.০০ ঘটিকা পর্যন্ত	
১০.	কোটেশন খোলার তারিখ ও সময়	০২/১০/২০১৬, বিকাল-০৩.০০ ঘটিকা	
১১.	দপ্তরের নাম ও ঠিকানা	উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ব্লক-১০/১৮, ঢাকা	
১২.	কাজের সংক্ষিপ্ত বিবরণ	প্রিন্টার ক্রয়/সংগ্রহ	
	কাজের বিবরণ	কাজের সময়সীমা	মন্তব্য
	কম্পিউটারের প্রিন্টার ক্রয়/সংগ্রহ (সিডিউলে বর্ণিত পরিমাণ ও টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী)	কার্যাদেশ মোতাবেক	

দরদাতাদের প্রতি বিশেষ নির্দেশাবলী :

১. দাখিলকৃত দর সুস্পষ্টভাবে অংকে ও কথায় লিখতে হবে।
২. দরপত্রদাতাকে টেন্ডার ডকুমেন্টের সকল পাতায় অবশ্যই স্বাক্ষর করতে হবে।
৩. দরপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, অভিজ্ঞতার সনদপত্র, আয়কর সনদপত্রের ছায়ালিপি দাখিল করতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৪. যদি কোন দরপত্রদাতা অসত্য/ভুল তথ্য অথবা জাল সার্টিফিকেট দাখিল করেন তাহলে তার দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৫. সীলমোহরকৃত দরপত্র খামের উপরিভাগে সংক্ষিপ্ত কাজের নাম ও পার্শ্বে দরদাতাগণের পূর্ণ নাম ও ঠিকানা (সীল মোহরসহ) পরিষ্কারভাবে লিপিবদ্ধ থাকতে হবে।
৬. নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে অফিস চলাকালীন সময়ে অন্যান্য যে কোন তথ্যের জন্য যোগাযোগ করা যেতে পারে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
৮. দরপত্রের যাবতীয় কার্যক্রম The Public Procurement Rules-২০০৯ (সংশোধিত) অনুসারে পরিচালিত হবে।
৯. বিল থেকে সরকার কর্তৃক নির্ধারিত সব ধরনের ভ্যাট, ট্যাক্স এবং অন্যান্য কর্তনযোগ্য অর্থ কর্তন করা হবে।
১০. অনিবার্য কারণবশত: নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলা না হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র গ্রহণ ও খোলা হবে।


(নুসরাত নোমান)
উপসচিব
ফোনঃ ৯১১৯৫৭৩

বিতরণঃ

- ১। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (পরিকল্পনা বিভাগের নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
- ২। যুগ্ম-সচিব (প্রশাসন), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা (আইএমইডি, নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
- ৩। সিস্টেমস এনালিস্ট (আইসিটি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নোটিশ বোর্ড, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। অনুবিভাগ প্রধান (প্রশাঃ ও মপ্রাঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।